



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/3/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো ওয়েস্টচেস্টার কাউন্টির স্টেট মহাসড়ক ব্যবস্থার একটি অংশকে "ফায়ারফাইটার/ইএমটি মাইকেল জে. ফিল্ড মেমোরিয়াল ব্রিজ" হিসেবে মনোনীত করে আইনে স্বাক্ষর করেছেন

হেম্পস্টিড শহরের করোনা এভিনিউতে সেতুর নাম পরিবর্তন করা হবে মাইকেল জে ফিল্ডের সম্মানে - যিনি একজন ফায়ারফাইটার/ইএমটি যিনি COVID-19 রোগে আক্রান্ত হয়ে মারা গেছেন একজন রোগিকে নিয়ে যাওয়ার সময়

নাসাউ কাউন্টিতে স্টেট মহাসড়ক ব্যবস্থার একটি অংশকে "ফায়ারফাইটার/EMT মাইকেল জে. ফিল্ড মেমোরিয়াল ব্রিজ" (Firefighter/EMT Michael J. Field Memorial Bridge) হিসেবে মনোনীত করার জন্য গভর্নর কুওমো আজ আইন (S.8637a/A.10703) এ স্বাক্ষর করেছেন। নতুন আইনে মাইকেল জে ফিল্ড, যিনি 1987 সাল থেকে ভ্যালি স্ট্রিম ফায়ার ডিপার্টমেন্ট (Valley Stream Fire Department) EMS-এর একজন সদস্য, যিনি 59 বছর বয়সে মারা যান COVID-19 এ আক্রান্ত হয়ে একজন রোগীর থেকে যাকে তিনি নিয়ে যাচ্ছিলেন।

ভ্যালি স্ট্রিম ফায়ার ডিপার্টমেন্টে কাজ করার আগে, জনাব ফিল্ড নিউ ইয়র্ক সিটি ফায়ার ডিপার্টমেন্টের (New York City Fire Department) একজন জরুরী চিকিৎসা প্রযুক্তিবিদ ছিলেন, যেখানে তিনি 11ই সেপ্টেম্বর, 2001 এর সন্ত্রাসী হামলার সময় এবং তার পরবর্তী সময়ে জরুরী সাড়া দিতে সাহায্য করেন।

মহাসড়কের নির্দিষ্ট অংশ হেম্পস্টিড শহরের করোনা এভিনিউ উপর সেতু পরিবেষ্টিত করে যা সাউদার্ন স্টেট পার্কওয়ে অতিক্রম করে।

"মাইকেল ফিল্ডের জীবন জনসেবা এবং অন্যদের সাহায্য করার জন্য একটি নিঃস্বার্থ অঙ্গীকার দ্বারা সংজ্ঞায়িত ছিল, এবং নিউ ইয়র্কবাসীরা তার আত্মত্যাগ কখনও ভুলবে না," **গভর্নর কুওমো বলেন।** "তার বীরত্ব জীবন বাঁচিয়েছে এবং নিউ ইয়র্ককে COVID-19 কে পরাজিত করতে সাহায্য করেছে, এবং নিউ ইয়র্কের পুরো পরিবার তাকে অনন্ত কৃতজ্ঞতা এবং ধন্যবাদ জানায়।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন (Department of Transportation)-এর কমিশনার ম্যারি থেরেস ডোমিংয়েজ বলেন, "মাইকেল ফিল্ডের মত নিবেদিত প্রথম প্রতিক্রিয়াকারীরা শুরু

থেকেই COVID-19 এর বিরুদ্ধে যুদ্ধের প্রথম সারিতে ছিলেন, যা তাদের আমাদের নিরাপদ রাখতে সাহায্য করার জন্য ঝুঁকির মধ্যে ফেলে। পরিবহন বিভাগ মাইকেলের প্রতি এই যোগ্য শ্রদ্ধা নিবেদনের অংশ হতে পেরে সম্মানিত, যার জনসেবা এবং সম্প্রদায়ের প্রতি নিষ্ঠা নিউ ইয়র্কের সেরাদের এক দৃষ্টান্ত স্থাপন করে এবং আমাদের মনে করিয়ে দেয় যে আমরা সবাই একসাথে আছি এর সাথে যুঝতে।"

সেনেটর টড কামিনস্কি বলেন, "মাইকেল ফিল্ড আমাদের সম্প্রদায়ের জন্য তার জীবন দিয়েছেন এবং তার স্মৃতিতে এক্সিট 15-তে সাউদার্ন স্টেট পার্কওয়ের (Southern State Parkway) উপর মাইকেল ফিল্ড মেমোরিয়াল ব্রিজের নামকরণ করা বিলটিকে স্পন্সর করতে পেরে আমি সম্মানিত। গভর্নর কুওমোকে ধন্যবাদ ব্রিজের নাম পরিবর্তন করার জন্য আমার বিলে স্বাক্ষর করার জন্য, আমাদের মহান প্রথম প্রতিক্রিয়াকারীদের উপর কৃতিত্ব তুলে ধরতে এবং আগামী প্রজন্মের জন্য অনুপ্রেরণার প্রতীক তৈরি করতে সাহায্য করার জন্য।"

অ্যাসেমব্লী সদস্য মিচেল সোলাগেস বলেন, "ভ্যালি স্ট্রিমের সম্প্রদায় সব সময় অগ্নিনির্বাপক কর্মী মাইকেল জে. ফিল্ডের সেবা এবং অঙ্গীকারের জন্য কৃতজ্ঞ থাকবে, এবং আমরা সাউদার্ন স্টেট পার্কওয়ের করোনা এভিনিউতে অবস্থিত সেতুর উপর তার নাম স্মরণ করে তার স্মৃতিকে সম্মান জানাতে পেরে গর্বিত। মাইকেল জনসেবার প্রতি নিষ্ঠার একটি উত্তরাধিকার রেখে গেছেন। এই ফলকটি আগামী প্রজন্মের জন্য একটি অনুপ্রেরণামূলক স্মারক হিসেবে কাজ করবে। তার আত্মার শান্তি কামনা করি।"

###

আরও সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)